



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
চট্টগ্রাম মহানগর কার্যালয়
পরিবেশ ভবন, জাকির হোসেন রোড
ফয়েজ লেক এলাকা, খুলশী, চট্টগ্রাম -৪২০২
www.doe.gov.bd

পরিবেশগত ছাড়পত্র নবায়ন

ছাড়পত্র নং: ২৪-১৩০০৮৪

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র নবায়ন প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	: Chittagong Dry Dock Limited, Bangladesh Navy
উদ্যোক্তার নাম	: Chittagong Dry Dock Ltd.
সনাক্তকরণ নং	: ৫১১৩৯
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	: Other
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	: Orange
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	: Airport Road, East Patenga, Chittagong.
প্রদানের তারিখ	: 23/12/2024
মেয়াদ উত্তীর্ণের তারিখ	: 18/12/2025



এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

পরিবেশগত ছাড়পত্র নবায়ন এর জন্য প্রযোজ্য শর্তাবলী:

- ১ . পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলী অপরিবর্তিত থাকবে।
- ২ . জারীকৃত ছাড়পত্র প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের জাহাজ নির্মাণ ও মেরামত এবং ভারী ইস্পাতের বিভিন্ন ধরনের কাঠামো নির্মাণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বনুমতি নিতে হবে।
- ৩ . ডকইয়ার্ড চালু অবস্থায় প্রতি ০৬ (ছয়) মাস অন্তর বছরে ০২ (দুই) বার প্রতিষ্ঠানটির তরল বর্জ্যের (pH, BOD₅ at 20^oC, COD, TSS, Oil & Grease) নমুনা বিশ্লেষিত ফলাফল অত্র দপ্তরে দাখিল করতে হবে।
- ৪ . জাহাজ নির্মাণ বা মেরামতকালেনদী বা সমুদ্রে বার্ষিক করে নৌযান চলাচলে বাধা সৃষ্টি করা যাবে না।
- ৫ . কারখানায় সৃষ্ট কঠিন বর্জ্য পরিকল্পিতভাবে সংগ্রহপূর্বক তা পরিবেশ সম্মতভাবে অপসারণ করতে হবে।
- ৬ . প্রতিষ্ঠানের শব্দ এবং কঠিন, তরল ও বায়বীয় বর্জ্য/গন্ধ'র নির্গমন/নিঃসরণ মাত্রা যথাক্রমে “শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬”, “পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩” এবং “বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা-২০২২”-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।
- ৭ . কর্মরত শ্রমিকদের জন্য personal Protection Equipment যেমন ইয়ার প্লাগ, নোজ মাস্ক, সেফটি গ্লাস ইত্যাদি ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৮ . প্রতিষ্ঠানের কার্যক্রম দ্বারা জনস্বার্থের ক্ষতি হলে তজ্জন্য ক্ষতিপূরণ দিতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর না থাকলে এবং এর ফলে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি হলে Polluters Pay Principle অনুসারে ক্ষতিপূরণ ধার্য করা হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ক্ষতিপূরণ দিতে হবে। দূষণ নিয়ন্ত্রণের স্বার্থে প্রযোজ্য অন্য কোন শর্ত প্রতিপালনে কর্তৃপক্ষ বাধ্য থাকবে।
- ৯ . অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে।
- ১০ . কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য ডিগ্রীধারী জনবল রাখতে হবে। কারখানার/প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- ১১ . প্রতিষ্ঠানের বিরুদ্ধে ভবিষ্যতে কোন অভিযোগ উপস্থাপিত হলে এবং তদন্তে তা প্রমাণিত হলে জারীকৃত ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২ . জারীকৃত ছাড়পত্র/নবায়নপত্র ভূমি/প্রতিষ্ঠান'র মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।
- ১৩ . ডমেস্টিক তরল বর্জ্য ও কারখানায় কর্মরত শ্রমিকদের পয়ঃবর্জ্য সেপটিক ট্যাংকের মাধ্যমে অপসারণ করতে হবে।
- ১৪ . নবায়নের মেয়াদ শেষ হওয়ার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্ধারিত ফি ও হালনাগাদ কাগজপত্রসহ প্রদানপূর্বক অনলাইনে পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য আবেদন করতে হবে। নবায়নের আবেদনের সাথে হালনাগাদ ফায়ার লাইসেন্স দাখিল করতে হবে।
- ১৫ . পরিবেশগত ছাড়পত্র/হালনাগাদ নবায়নের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং ছাড়পত্র/নবায়নপত্র কারখানার এমন স্থানে ঝুলিয়ে রাখতে হবে যাতে তা সহজে দেখা যায়। পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীম, পরিদর্শক ও পরিদর্শনের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাগণ কারখানা পরিদর্শনকালে সর্বাঙ্গিক সহযোগিতা করতে হবে।
- ১৬ . উপরিউক্ত ১ নং হতে ১৫ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তের কোনটি ভঙ্গ করলে জারীকৃত ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবং আপনার/আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে ‘বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০)’, ‘পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩’, ‘বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২’ এবং ‘শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬’ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।